

## 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫১৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২) ইমামের পিছনে 'আমীন' ও দু'আর মধ্যে 'আমীন' বলতে উদ্বুদ্ধকরণ এবং রুকৃ' থেকে দাঁড়িয়ে ও নামায শুরু করার সময় যা বলতে হয় তার বর্ণনা

الترغيب في التأمين خلف الإمام وفي الدعاء وما يقوله في الاعتدال والاستفتاح

আরবী

(صحيح) وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهُا عَنْ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا حَسَدَتْكُمْ الْيَهُودُ عَلَى شَيْءٍ مَا حَسَدَتْكُمْ عَلَى السَّلَامِ وَالتَّأْمِينِ. رواه ابن ماجه وابن خزيمة وأحمد

## বাংলা

৫১৫. (সহীহ্) আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণনা করেন। তিনি বলেন, "সালাম ও আমীন বলার বিষয়ে ইহুদীরা তোমাদের যত হিংসা করে, অন্য কোন বিষয়ে তত্টুকু হিংসা করে না।"

(ইবনে মাজাহ ৮৫৬, ইবনে খুযায়মা, আহমাদ)

আহমাদের বর্ণনা এরকমঃ

أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذُكِرَتْ عِنْدَهُ الْيَهُوْدَ فَقَالَ: إِنَّهُمْ لَمْ يَحْسُدُونَا عَلَى شَيْءٍ كَمَا حَسَدُونَا عَلَى يَوْمِ الْجُمُعَةِ الَّتِي هَدَانَا اللهُ لَهَا وَضَلُّوا عَنْهَا، وَعَلَى قَوْلِنَا خَلْفَ ".الْإِمَامِ: آمِينَ ".الْإِمَامِ: آمِينَ

রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর কাছে ইহুদীদের কথা উল্লেখ করা হল। তখন তিনি বললেনঃ

"ইহুদীরা নিম্নলিখিত তিনটা বিষয়ের মত কোন কিছুতে আমাদের উপর হিংসা করে নাঃ (১) জুমআর দিনের ব্যাপারে, যে ব্যাপারে আল্লাহ্ আমাদের হেদায়াত করেছেন আর তাদেরকে বিভ্রান্ত করেছেন। (২) কেবলার বিষয়ে, আল্লাহ্ আমাদেরকে সে বিষয়ে হেদায়াত করেছেন আর তাদেরকে করেছেন বিভ্রান্ত। আর (৩) ইমামের পিছনে আমাদের 'আমীন' বলার ক্ষেত্রে।"



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন